



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



'Experience of a 3rd World Organometallic Chemist' শীর্ষক বক্তব্য প্রদান



২০ নভেম্বর ২০২২-রবিবার ক্যামিকাল সোসাইটি, রসায়ন বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে কেন্দ্রীয় মিলনায়তনে বিশেষ সেমিনারে 'Experience of a 3rd World Organometallic Chemist' শীর্ষক বক্তব্য প্রদান করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইউজিসি অধ্যাপক ড. শরীফ এনামুল কবির। এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক।

অধ্যাপক শরীফ জীবনে প্রতিষ্ঠিত হওয়ার জন্য কতকগুলো বিষয়ের উপর গুরুত্ব দেন। যার মধ্যে উল্লেখযোগ্য হলো লক্ষ্য ও উদ্দেশ্য পূরণের জন্য প্রচলিত দৃঢ়তা (Determination) থাকতে হবে। এছাড়াও তিনি তাঁর বর্ণাঢ্য জীবনের অভিজ্ঞতার আলোকে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন।

রসায়ন বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. শামছুন নাহারের সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এবং বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ শাহজাহান। রসায়ন বিভাগের সহযোগী অধ্যাপক ড. জগদীশ চন্দ্র সরকারের সঞ্চালনায় ধন্যবাদ জ্ঞাপন করেন সেমিনার আয়োজক কমিটির আহবায়ক অধ্যাপক ড. মোঃ আমিনুল হক। এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।